



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2025

গভর্নর ক্যাথি হোকল

অপটিমাম ও MSG-এর প্রতি গভর্নর হোকল-এর বার্তা: যথেষ্ট হয়েছে! ক্রীড়াভক্তদেরকে কর্মসূচির অ্যাক্সেস দিতে অস্বীকৃতি জানানো বন্ধ করুন এবং সমঝোতার টেবিলে ফিরে আসুন

*অপটিমাম কেবল ও MSG নেটওয়ার্কের মধ্যে দীর্ঘদিন ধরে চলে আসা বিরোধ নিউ ইয়র্কের হাজার হাজার ক্রীড়াভক্তকে নিকস, রেঞ্জার্স বা আইল্যান্ডার্স গেমস দেখার উপায় থেকে বঞ্চিত করেছে*

*গভর্নর ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসকে জবাবদিহিতা চাওয়ার জন্য নির্দেশ দিয়েছেন: অবিলম্বে কর্মসূচি ফিরিয়ে আনুন অথবা ভোক্তাদেরকে রিফান্ড দিন*

*ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস অপটিমামের অংশীদার কোম্পানি, অ্যালটিসের কাছে চিঠি দিয়ে বাড়তি ভোক্তা সুরক্ষা প্রদান করার আহবান জানিয়েছে*

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ অ্যালটিস (Altice) ও MSG-কে তাদের দীর্ঘদিন ধরে চলে আসা বিরোধ নিষ্পত্তি করতে এবং এক মাসেরও বেশি সময় ধরে নিউ ইয়র্কের ভোক্তাদের জন্য ব্লক হয়ে থাকা বাস্কেটবল ও হকি প্রোগ্রাম পুনরুদ্ধার করার জন্য আহবান জানিয়েছেন। অধিকাংশ নিউ ইয়র্কবাসী যখন সুপার বোলের জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন এক সময়ে, গভর্নর Hochul (হোকল) বাস্কেটবল ও হকি ভক্তদের প্রতি মনোযোগ দিয়েছেন এবং ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (Department of Public Service, DPS)-কে ভোক্তাদের পক্ষে দাঁড়ানোর জন্য নির্দেশ দিয়েছেন।

"নিউ ইয়র্কবাসীরা গর্বিত ক্রীড়া অনুরাগী, এবং নিকস, রেঞ্জার্স ও আইল্যান্ডার্স ভক্তরা যেসব প্রোগ্রাম দেখার জন্য অর্থ পরিশোধ করেছেন সেগুলো দেখতে তাদেরকে বাধা দেওয়ার বিষয়টি অবিবেচনাপ্রসূত," বলেছেন গভর্নর Hochul (হোকল)। "অপটিমাম ও MSG-এর মধ্যকার একটি হাস্যকর বিরোধের কারণে ভক্তদেরকে লাইভ স্পোর্টসের অ্যাক্সেস থেকে বঞ্চিত করা নিউ ইয়র্কবাসীদের প্রতি একটি অন্যায্য আচরণ এবং আমাদের ধৈর্যের বাঁধ ভেঙে গেছে। এটি দীর্ঘ সময় ধরে চলে আসছে — উভয় পক্ষের জন্য এখন সমঝোতার টেবিলে ফিরে আসার এবং নিউ ইয়র্কবাসীদের কল্যাণের জন্য এই বিরোধ নিষ্পত্তি করার সময় হয়েছে। যথেষ্ট হয়েছে!"

গভর্নর হোকল সংস্থাগুলোকে যত তাড়াতাড়ি সম্ভব এই বিরোধ নিষ্পত্তি করার আহ্বান জানিয়েছেন। চুক্তির বিষয়ে সমঝোতা চলমান থাকা অবস্থায়, আরো বেশি গ্রাহক নির্দিষ্ট প্রোগ্রামের অনুপস্থিতি সম্পর্কে সচেতন হয়ে উঠছেন এবং বোধগম্যভাবেই তাদের অপশন ও রিফান্ড সম্পর্কে তাদের প্রশ্ন রয়েছে। ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস-এর প্রতি গভর্নরের নির্দেশনা হলো এই দাবি জানানো যে সব গ্রাহককে হয় নিউ ইয়র্কের প্রভাবিত হওয়া ক্রীড়াগুলোর গেমস দেখার বিকল্প উপায় প্রদান করতে হবে, অথবা একটি আনুপাতিক রিফান্ড প্রদান করতে হবে। MSG প্রোগ্রামের ঘাটতির কারণে প্রভাবিত হওয়া গ্রাহকদের স্বার্থ রক্ষার্থে এই কোম্পানিকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসার জন্য তাদের প্রচেষ্টার অংশ হিসেবে, DPS আজ অপটিমামের মূল কোম্পানি, অ্যালটিসের কাছে একটি চিঠি পাঠিয়েছে।

অপটিমামকে জবাবদিহিতার আওতায় আনার জন্য, **DPS পাঁচ দিনের মধ্যে এই চিঠির উত্তর প্রদান করা আবশ্যিক করেছে**, যেখানে এই বিরোধ চলাকালীন সময়ে গ্রাহকদেরকে ক্ষতি থেকে মুক্ত রাখার বিষয়টি নিশ্চিত করতে এই কোম্পানি কী কী সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করবে তার সুনির্দিষ্ট বিবরণ উল্লেখ করতে হবে। যদি অ্যালটিস একটি সন্তোষজনক পরিকল্পনা প্রদান করতে ব্যর্থ হয়, তাহলে DPS প্রকাশ্য শুনানির আয়োজন করবে যেখানে কোম্পানিকে প্রকাশ্যে ব্যাখ্যা করতে হবে যে এই বিষয়টি নিয়ে ডিপার্টমেন্টের চলমান পর্যালোচনার অংশ হিসেবে এটি কিভাবে ক্ষতিগ্রস্ত গ্রাহকদেরকে সুরক্ষিত রাখছে।

**ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস-এর CEO ও পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission)-এর সভাপতি Rory M. Christian (রোরি এম. ক্রিস্টিয়ান) বলেন,** "গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের ক্রীড়া ভক্তদের মতামতকে প্রকাশ করছেন যারা হতাশ বোধ করছেন যে তারা সব কেবল চ্যানেল দেখতে পারছেন না, এবং যাদের অধিকার রয়েছে তারা যেসব পরিষেবা অ্যাক্সেস করতে পারছেন না সেগুলোর জন্য রিফান্ড পাওয়ার অথবা ব্যয়-নিরপেক্ষ কোনো বিকল্প পাওয়ার। কেবল কোম্পানিগুলো যাতে গ্রাহকদের অধিকার সুরক্ষিত রাখে সে বিষয়টি নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস নিরলসভাবে কাজ করে যাবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)